



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল জুনকে বন্দুক সহিংসতা সচেতনতা মাস হিসেবে আখ্যা দিয়ে ইস্তেহার
জারি করলেন

*স্টেটের ল্যান্ডমার্কসমূহ জাতীয় বন্দুক সহিংসতা সচেতনতা দিবস উপলক্ষে 2 জুন
কমলা আলোয় আলোকিত করা হবে*

ঘোষণাপত্রটি [এখানে](#) পড়ুন

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি ইস্তেহার [জারি করেন](#) যেখানে জুনকে বন্দুক সহিংসতা সচেতনতা মাস (Gun Violence Awareness Month) হিসেবে আখ্যা দেওয়া হয়েছে এবং তিনি 2 জুন জাতীয় বন্দুক সহিংসতা সচেতনতা দিবস (National Gun Violence Awareness Day) উপলক্ষে স্টেটের ল্যান্ডমার্কসমূহকে কমলা আলোয় আলোকিত করার নির্দেশ দিয়েছেন।

"বন্দুক সহিংসতার প্রত্যেকটি ঘটনা অভীষ্ট লক্ষ্যের বাইরেও প্রতিধ্বনিত হয়, এর শিকার ব্যক্তি, বন্ধু, পরিবার, প্রতিবেশী, দর্শক, এবং সম্পূর্ণ সম্প্রদায়ে পীড়া ও ট্রমার আঘাত করে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কে জুনকে বন্দুক সহিংসতা সচেতনতা মাস হিসেবে ঘোষণা করতে পেরে আমি গর্বিত এবং আমরা সড়ক থেকে বন্দুক সরিয়ে নিতে এবং সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখতে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদেরকে তাদের প্রয়োজনীয় হাতিয়ার প্রদান করতে কাজ অব্যাহত রাখছি।"

"নিউ ইয়র্কে আমরা আমাদের সড়ক থেকে বন্দুক সরিয়ে নিতে এবং পুরো স্টেটে আরো নিরাপদ এলাকা গঠন করতে সরাসরি ব্যবস্থা গ্রহণ করছি," **বলেন লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো।** "বন্দুক সহিংসতা মহামারীর সমাধানের জন্য এবং আমাদের স্টেটকে অগ্রসর করার অর্থপূর্ণ উপায় খুঁজতে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারগণ এবং সম্প্রদায়ের সদস্যদের সাথে আমরা কাজ চালিয়ে যাবো।"

2024 অর্থবছরের বাজেটের অংশ হিসেবে গভর্নর হোকল বন্দুক [সহিংসতা সমাধান করার এবং নিরাপদতর একটি স্টেট গঠনের জন্য জননিরাপত্তা উন্নত করার একটি বহুমুখী পন্থার গুরুত্ব সনাক্ত করে এমন একটি সার্বিক অর্থায়ন পরিকল্পনা](#) নিশ্চিত করেছেন। গভর্নর নির্দেশ দিয়েছেন যাতে আজকে 2 জুন সন্ধ্যায় [কমলা পরিধান করুন সপ্তাহান্ত \(Wear Orange Weekend\)](#), যা

[এভরিটাউন ফর গান সেফটি \(Everytown for Gun Safety\)](#) দ্বারা প্রতি বছর সমন্বিত হয়, তার শুরু উপলক্ষে স্টেটের ল্যান্ডমার্কসমূহকে কমলা আলোয় আলোকিত করা হবে।

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কঙ্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যাগা গ্রা জলপ্রপাত (Niagara Falls)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ

অপরাধ ন্যায়বিচার সেবা বিভাগের (Division of Criminal Justice Services) কমিশনার রোসানা রোসাদো বলেন, "আমাদের প্রথম অগ্রাধিকার হলো নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে সাহায্য করা, এবং আমরা আমাদের এলাকাগুলিতে অর্থহীন বন্দুক সহিংসতার বৃদ্ধির মোকাবেলা করতে আমাদের কাছে থাকা সকল হাতিয়ার ও সংস্থান ব্যবহার করবো। বন্দুক সহিংসতা সচেতনতা মাস চলাকালীন, আমরা এই কাজে পুনরায় প্রতিশ্রুতি গ্রহণ করবো, আমাদের সড়ক থেকে বন্দুক সরিয়ে নিতে এবং নিরাপদতর সম্প্রদায় গঠন করতে কাজ করতে থাকা আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী ও সম্প্রদায়ের অংশীদারদের স্বীকৃতি দান করবো, এবং গভর্নর হোকলকে তার নেতৃত্ব ও সমর্থনের জন্য ধন্যবাদ জানাবো।"

ভিকটিম পরিষেবা অফিসের (Office of Victim Services) পরিচালক এলিজাবেথ ক্রোনিন বলেন, "বন্দুক সহিংসতা যখন একটি সম্প্রদায়কে প্রভাবিত করে তখন এটি প্রত্যক্ষভাবে যা দেখা যায় তার থেকে গভীরে গিয়ে ক্ষতি করে। ভিকটিম এবং ভুক্তভোগীরা ট্রমা, উদ্বেগ, এবং অন্যান্য চাপের সম্মুখীন হয় যা তাদের সুস্থতায় নেতিবাচক প্রভাব ফেলতে পারে। বন্দুক সহিংসতা সচেতনতা মাসের গুরুত্ব উপলব্ধি করার জন্য এবং ভিকটিম ও ভুক্তভোগীদের কাছে যাতে যেকোনো স্থানে যেকোনো সময় তাদের প্রয়োজনীয় সেবা, সমর্থন এবং সংস্থান পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে আপনার অব্যাহত প্রতিশ্রুতির জন্য আপনাকে ধন্যবাদ।"

স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ভি. ম্যাকডোনাল্ড বলেন, "বন্দুক সহিংসতা শুধু ভুক্তভোগীদের জন্য গভীর আবেগিক ও শারীরিক চাপের কারণ হয় না বরং এটি পরিবার ও সম্প্রদায়সমূহকে বিচ্যুতও করে ফেলে, যার ফলে আরো বিপর্যয় ও ট্রমার সৃষ্টি হয়। এই সফট মোকাবেলায় গভর্নরের প্রয়াসের এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদতর সম্প্রদায়ের জন্য কাজ করার জন্য আমি তার প্রশংসা করছি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418